

রিফাত হত্যা মামলার প্রধান আসামী পুলিশের সাথে বন্দুকযুদ্ধে নিহত আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর গভীর উদ্বেগ

প্রকাশ্য দিবালোকে কুপিয়ে রিফাত শরীফ নামক এক যুবককে হত্যার মামলার প্রধান আসামী সাকিবর আহমেদ, যিনি নয়ন বন্ড নামে অধিক পরিচিত, পুলিশের সাথে 'বন্দুকযুদ্ধে' নিহত হয়েছে। বরগুনার নৃশংস এ হত্যা মামলার নথিভুক্ত আসামী নয়নকে আটক করে আইন-শৃঙ্খলা বাহিনী বিচারিক আদালতে উপস্থাপন করতে ব্যর্থ হওয়ায় আসক গভীর উদ্বেগ প্রকাশ করছে।

গণমাধ্যমসূত্রে জানা যায়, ২ জুলাই ২০১৯ ভোররাত সোয়া চারটার দিকে বরগুনা সদরের বুড়িরচর ইউনিয়নের পূর্ব বুড়িরচর গ্রামে এ 'বন্দুকযুদ্ধে'র ঘটনা ঘটে। আসক মনে করে, নয়ন বন্ডের মৃত্যু এ মামলার বিচারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ক্ষতি সাধন করবে। আমরা স্মরণ করিয়ে দিতে চাই যে, প্রতিটি মানুষের জীবনের ও বিচার লাভের অধিকার তার মানবাধিকার এবং বাংলাদেশের সংবিধানে সুস্পষ্টভাবে তার স্বীকৃতি রয়েছে। আমরা অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে, পুলিশ প্রশাসন এ ধরনের জঘন্য সব অপরাধ প্রবণতা রোধে বিচার বর্হিভূত হত্যাকাণ্ডকে একটি সমাধান হিসেবে ধরে নিচ্ছে বলে অভিযোগ উঠছে। কিন্তু সাময়িকভাবে এ ব্যবস্থা স্বস্তি এনে দিলেও তা সমাজকে চরম সংকটের দিকে ঠেলে দিচ্ছে যা কোনো সভ্য, গণতান্ত্রিক, মানবাধিকার ও ন্যায়বিচারভিত্তিক সমাজের বৈশিষ্ট্য হতে পারে না। বরং এটি দেশে প্রচলিত আইন, বিচার ও শাসনব্যবস্থার প্রতি চরম আস্থাহীনতা তৈরির সুযোগ করে দিচ্ছে।

আসক মনে করে, 'বন্দুকযুদ্ধে'র নামে এ ধরনের হত্যাকাণ্ড বিচার বর্হিভূত হত্যাকাণ্ড এবং এটিও এক ধরনের ঘৃণ্য অপরাধ। এসব ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত ও বিচার হওয়া বাঞ্ছনীয়। পাশাপাশি আসক আইন ও বিচার ব্যবস্থার ওপর জনগণের আস্থা ফিরিয়ে আনতে এবং এসব অপরাধ প্রবণতা কমাতে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের আহ্বান জানায়।

আসক একটি মানবাধিকার ও আইনগত সহায়তা কেন্দ্র

Ain o Salish Kendra (ASK) is a human rights and legal aid resource centre in consultative status with UNECOSOC
7/17, Block-B, Lalmatia, Dhaka-1207, Bangladesh, P.O. Box: 3252, Tel: +88-02-8100192, 8100195, 8100197, Fax: +88-02-8100187
Email: ask@citechco.net, Website: www.askbd.org